



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট।

website: www.bise-sylhet.gov.bd, email: sylheteducationboard@hotmail.com

স্মারক নং : সিশিবো/প্রশা-১৪৩(০৪)/২০১৬/৯০৫

তারিখ : ০২/১১/২০১৬ খ্রিঃ

প্রেরকঃ সচিব
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

প্রাপক :

.....

.....


.....

বিষয়ঃ এস,এস,সি পরীক্ষার পরীক্ষিত উত্তরপত্র বিক্রি প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ আন্তঃশিক্ষাবোর্ড সমন্বয় সাব-কমিটির ৪৬৮ তম সভায় এসএসসি ও এইচএসসি পরীক্ষার পরীক্ষিত উত্তরপত্রসমূহ প্রধান পরীক্ষকগণের নিকট থেকে বোর্ডে না এনে নিম্নোক্তভাবে মূল্য নির্ধারণপূর্বক তাঁদের বিলের সাথে সমন্বয় করার সিদ্ধান্ত গৃহীত হয়-

১। এস,এস,সি/এইচ,এস,সি পরীক্ষার উত্তরপত্রের ক্ষেত্রে প্রতি ২৩টি উত্তরপত্রের ওজন ১ কেজি হিসাবে প্রতি কেজির মূল্য ১০.০০(দশ) টাকা।

এ প্রেক্ষিতে, তাঁর নিকট সংরক্ষিত উত্তরপত্রসমূহ বোর্ডে প্রেরণ না করে উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক নিজ দায়িত্বে বিক্রয় করার জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য, পরীক্ষার ফলাফল প্রকাশের পরবর্তী ৬(ছয়) মাস পর্যন্ত উত্তরপত্রসমূহ অবশ্যই সংরক্ষণ করতে হবে।


(প্রফেসর এ.কে.এম. গোলাম কিবরিয়া তাপাদার)
সচিব ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
০২/১১/১৬

বিতরণঃ

- ১। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড।
- ২। সিস্টেম এনালিস্ট, অত্র শিক্ষা বোর্ড। (বোর্ডের ওয়েব সাইটে পত্রটি আপলোড করার জন্য তাকে অনুরোধ করা হলো।)
- ৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ৫। সেকশন অফিসার (প্রশাসন), অত্র শিক্ষা বোর্ড।
- ৬। স্টোর কিপার, অত্র শিক্ষা বোর্ড।
- ৭। সংরক্ষণ নথি।